

আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ৪৭

আরবি মূল আয়াত:

إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَالٍ وَسُعُرٍ ﴿٤٧﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় অপরাধীরা রয়েছে পথভ্রষ্টতা ও (পরকালে) প্রজ্জ্বলিত আগুনে। — আল-বায়ান

পাপীরা আছে গুমরাহী আর পাগলামির মধ্যে। — তাইসিরুল

নিশ্চয়ই অপরাধীরা বিভ্রান্ত ও বিকারগ্রস্ত। — মুজিবুর রহমান

Indeed, the criminals are in error and madness. — Sahih International

৪৭. নিশ্চয় অপরাধীরা বিভ্রান্তি ও শাস্তিতে রয়েছে।(১)

(১) এছাড়া আয়াতের আরেক অর্থ হচ্ছে, নিশ্চয় অপরাধীরা দুনিয়াতে রয়েছে বিভ্রান্তিতে আর আখেরাতে থাকবে প্রজ্জ্বলিত আগুনে। [বাগতী] অপর অর্থ হচ্ছে, তারা দুনিয়াতে ধ্বংস ও আখেরাতে প্রজ্জ্বলিত আগুনে। [জালালাইন]

তাফসীরে জাকারিয়া

(৪৭) নিশ্চয় অপরাধীরা বিভ্রান্তি ও শাস্তির মধ্যে রয়েছে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4893>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন